



নারায়নগঞ্জে ছাত্রদল নেতার বাড়িতে থানা থেকে লুট হওয়া অস্ত্র উদ্ধার



নারায়নগঞ্জের আড়াইহাজারে এক ছাত্রদল নেতার পৈতৃক বাড়ি থেকে থানার লুট হওয়া অস্ত্র ও গুলি উদ্ধার করেছে যৌথ বাহিনী। অভিযানে পাঁচজনকে আটক করা হয়। শুক্রবার ভোরে কালাপাহাড়িয়া ইউনিয়নের কদমীরচর এলাকায় সেনা ও পুলিশ একযোগে এই অভিযান চালায়।

পুলিশ জানায়, পরিত্যক্ত একটি বাড়ি থেকে একটি পিস্তল, ম্যাগাজিন, কয়েক রাউন্ড গুলি, ককটেল, দেশীয় অস্ত্র, একটি ইলেকট্রিক শটগান, মাদক, নগদ টাকা ও মোবাইল ফোন পাওয়া গেছে। এসব অস্ত্র গত বছর আড়াইহাজার থানা থেকে লুট হওয়া অস্ত্রের অংশ বলে প্রাথমিকভাবে নিশ্চিত করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, বাড়িটির মালিক ছাত্রদল নেতা মোবারক হোসেনের পিতা হলেও তার সঙ্গে যোগাযোগ করা যায়নি।

সেনাবাহিনী জানায়, আসন্ন জাতীয় নির্বাচন সামনে রেখে এলাকায় অপরাধ নিয়ন্ত্রণ ও নিরাপত্তা জোরদার করতেই এই অভিযান চালানো হয়। নদীবেষ্টিত ও অপরাধপ্রবণ হিসেবে পরিচিত চরাঞ্চলকে ঘিরে ১৫০ সদস্যের যৌথ বাহিনী তল্লাশি চালিয়ে এসব উদ্ধার করে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

LENS ASIA